

শিক্ষকদের সাদা দল

ঢাবি প্রশাসনের পদত্যাগসহ ১১ দফা দাবি

ঢাবি প্রতিবেদক

৩১ জুলাই ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক
আমাদেশময়



কেটা সংক্ষার আন্দোলনকে কেন্দ্র করে সারাদেশে প্রাণহানি ও উদ্ভূত পরিস্থিতিতে শিক্ষার্থীদের রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ব্যর্থ হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) প্রশাসনের পদত্যাগসহ ১১ দফা দাবি জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের বিএনপিপিছি শিক্ষকদের সংগঠন সাদা দল।

সংগঠনটি জানায়, জনদাবি মেনে নিয়ে সরকারের পদত্যাগ ও একটি নিরপেক্ষ নির্বাচন আয়োজনের মাধ্যমে জনগণের সরকার প্রতিষ্ঠা করতে হবে এবং সন্ত্রাসীদের হামলা থেকে সাধারণ শিক্ষার্থীদের রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা নিতে ব্যর্থ হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের পদত্যাগ করতে হবে। গতকাল মঙ্গলবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে এক সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে এসব তথ্য জানান সাদা দলের আহ্বায়ক অধ্যাপক লুৎফর রহমান।

তাদের অন্য দাবিগুলোর মধ্যে রয়েছে- গত ১৫ জুলাই ঢাবি ক্যাম্পাসে সাধারণ শিক্ষার্থীদের ওপর ছাত্র নামধারী ও বহিরাগত সন্ত্রাসীদের হামলা এবং পরে ক্যাম্পাসে সংঘটিত সব ঘটনার নিরপেক্ষ তদন্তসাপেক্ষে দোষীদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা নিশ্চিত করা; অবিলম্বে ঢাবিসহ দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দিয়ে শিক্ষা কার্যক্রম চালু করা; কারফিট সম্পূর্ণ প্রত্যাহার করে জনজীবন স্বাভাবিক করা; গত ১৬ জুলাই থেকে আন্দোলন দমনের নামে শিক্ষার্থীসহ শত শত মানুষ হত্যায় জড়িত আইন প্রয়োগকারী সংস্থার সদস্য ও সরকার-সমর্থক সন্ত্রাসীদের

চিহ্নিত করে দ্রুত বিচারের আওতায় আনা এবং নিহতদের পরিবারকে পর্যাপ্ত ক্ষতিপূরণ ও হামলায় আহত সবার সুচিকিৎসার যথাযথ ব্যবস্থা করা;
বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কারীদের ডিবি হেফাজত থেকে পরিবারের কাছে হস্তান্তর, গ্রেণার সব শিক্ষার্থীকে অবিলম্বে মুক্তি দেওয়া
এবং শিক্ষার্থীদের বিরুদ্ধে দায়ের হওয়া সব মামলা প্রত্যাহারসহ তাদের গ্রেণার-হয়রানি না করা।